



তিন ডিআইজিসহ পুলিশের ২৪ উর্ধ্বতন কর্মকর্তাকে বদলি



ছবি: সংগৃহীত

বাংলাদেশ পুলিশের ২৪ জন উর্ধ্বতন কর্মকর্তাকে বিভিন্ন ইউনিটে বদলি ও পদায়ন করা হয়েছে। তাদের মধ্যে তিনজন ডিআইজি, ১২ জন অতিরিক্ত ডিআইজি এবং নয়জন পুলিশ সুপার পদমর্যাদার কর্মকর্তা রয়েছেন।

রোববার (৪ অক্টোবর) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পুলিশ-১ শাখা থেকে জারি করা তিনটি পৃথক প্রজ্ঞাপনে এসব তথ্য জানানো হয়। এতে স্বাক্ষর করেন উপসচিব তৌছিফ আহমেদ। প্রজ্ঞাপন অনুযায়ী, এসআরইউর ডিআইজি ড. মো. আক্বাস উদ্দিন ভূঁইয়া ও এসবির ডিআইজি মো. মাহমুদুর রহমানকে পুলিশ স্টাফ কলেজে এবং সিআইডি'র ডিআইজি মোহাম্মদ হাসান বারী নূরকে মেট্রোরেল পদায়ন করা হয়েছে।

এ ছাড়া পুলিশ সুপার পদমর্যাদার নয় কর্মকর্তাকেও বিভিন্ন ইউনিটে বদলি করা হয়েছে। তাদের মধ্যে সিআইডি'র এ টি এম মোশাররফ হোসেন ও ডিএমপি'র সৈয়দ মোহাম্মদ ফরহাদকে গাজীপুর মেট্রোপলিটন পুলিশের ডিসি করা হয়েছে। অন্যদের সিআইডি, ট্যারিস্ট পুলিশ, খুলনা মেট্রোপলিটন পুলিশ, এসবি ও এসআরইউতে পদায়ন করা হয়েছে।

অন্য একটি প্রজ্ঞাপনে ১২ জন অতিরিক্ত ডিআইজির বদলি ও নতুন কর্মস্থল নির্ধারণ করা হয়। আদেশগুলো জনস্বার্থে অবিলম্বে কার্যকর হবে বলে প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়েছে।